৫।

দৈনিক বাংলা

তারিখ 19 MAR 1997
পৃষ্ঠা ৭ কলাম ৭

### সমাজবিজ্ঞান প্রশ্নসহ যশোরে আটক ৪

# তিনশ' টাকায় সাধারণ বিজ্ঞানের প্রশ্নপত্র বিক্রি হচ্ছে

স্টাফ রিপোর্টার ঃ ঢাকার বিভিন্ন এলাকায় এসএসসির সাধারণ বিজ্ঞানের প্রশ্নের সেট ৩০০ টাকা দরে বিক্রি হচ্ছে। 'ক' এবং 'খ' উভয় সেটের মূল প্রশ্নপত্রই পাওয়া যাচ্ছে। আমাদের হাতে সাধারণ বিজ্ঞান 'ক' সেটের প্রশ্নপত্র এসেছে। আজ এসএসসি সাধারণ বিজ্ঞানের পরীক্ষা।

অপরদিকে সমাজবিজ্ঞান প্রথমপত্রের প্রশ্নপত্রসহ যশোরে পুলিশ চার তরুণকে আটক করেছে। এই পরীক্ষাও আজই অনুষ্ঠিত হবে।

দৈনিক বাংলায় যে প্রশ্ন এসেছে তার প্রথম দু'টি প্রশ্ন নিম্নরূপ ঃ

(১) (ক) নিউটনের গতি বিষয়ক সূত্র তিনটি বিবৃত কর।

(৮-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **বিক্রি হচ্ছে**

(খ) মহাকর্ষ সূত্র বিবৃত কর।

(গ) প্রমাণ কর F+ma.

২। (ক) লিফট পাম্পের গঠন বর্ণনা কর।

(খ) লিফট পাম্পের সাহায্যে ১০ মিঃ অধিক পানি তোলা যায় না কেন?

(গ) ৩০ কিলোগ্রাম ভর বিশিষ্ট একটি লোক খাড়া মই বেয়ে শীর্ষে উঠল। এতে ১২০০ জুল কাজ সম্পাদিত হলে মইয়ের উচ্চতা কত?

### সমাজ বিজ্ঞান

যশোর ব্যুরো জানায়, সমাজবিজ্ঞান প্রথমপত্রের (ইতিহাস) প্রশ্নপত্রসহ কোতোয়ালী পুলিশ চার তরুণকে আটক করেছে। এদের ২ জন এসএসসি পরীক্ষার্থী। আজ বুধবার ঐ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আটক চার তরুণ হল শহরের রেল গেটের দুই এসএসসি পরীক্ষার্থী মদন রায় ও সুমন এবং তাদের বন্ধু একই এলাকার মিলন ও সার্কিট হাউজপাড়ার আজিজ। মঙ্গলবার রাত সাড়ে ৯টায় তাদের সার্কিট হাউজপাড়া থেকে হাতে লেখা ও ছাপানো প্রশ্নপত্রসহ আটক করা হয়। এটা স্পষ্ট নয় যে এই প্রশ্ন আসল, না নকল। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করছে।